গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা।

অক্টোবর/২০২০ মাসের পাইকগাছা উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | এ.বি.এম. খালিদ হোসেন সিদ্দিকী<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২৯ অক্টোবর, ২০২০ |
| সভার সময় | বিকাল ৩.৩০ |
| স্থান | অনলাইন জুম কনফারেন্স |
| উপস্থিতি | পৃথক রেজিস্টারে সংরক্ষিত। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্য সূচী অনুযায়ী সভাপতি পূর্ববর্তী সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। অত:পর এজেন্ডা ভিত্তিক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

১. শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ইউডিসি পরিদর্শন/দর্শন সংক্রান্ত

| ক্রম | পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম | ইউ এন ও কর্তৃক পরিদর্শন | ইউ এন ও কর্তৃক দর্শন | মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক পরিদর্শন | সহকারী প্রোগ্রামার কর্তৃক পরিদর্শন |
|---|---|---|---|---|---|
| ০১ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব | ০০ | ০১ | ০২ | ০২ |
| ০২ | ইউডিসি | ০০ | ০০ | - | ০০ |

২. সভার আলোচনা ও সিদ্ধান্ত

| ক্রম | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | বিভাগীয় দপ্তরের ওয়েব পোর্টালের উন্নয়ন। | (ক) উপজেলা এবং বিভাগীয় ওয়েব পোর্টালের সকল তথ্য হালনাগাদ করতে হবে।<br>(খ) পোর্টালটি দৃষ্টি নন্দন করতে হবে। ছবিসমূহ মানসম্পন্ন ও প্রতিনিধিত্বশীল হতে হবে। ফটো গ্যালারি আপডেটেড থাকতে হবে।<br>(গ) নোটিশ ও খবর নিয়মিত আপলোড করতে হবে।<br>হালনাগাদ করার জন্য এটুআই এর গাইডলাইন অনুসরন করতে হবে।<br>কিছু কিছু দপ্তরের কর্মকর্তাদের তালিকাসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ নাই দ্রুত হালনাগাদ করার জন্য অনুরোধ করা হল। | সকল বিভাগীয় অফিসার। |
| ০২ | ইউনিয়ন ওয়েব পোর্টালসমূহের উন্নয়ন। | (ক) ইউনিয়ন ওয়েব পোর্টালের সকল তথ্য নতুন ফ্রেমওয়ার্কে বাংলা এবং ইংরেজী ভাষায় হালনাগাদ করতে হবে। কিছু কিছু ইউনিয়নে জনপ্রতিনিধিদের তালিকাসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ নাই দ্রুত হালনাগাদ করার জন্য বলা হল। হালনাগাদ করার জন্য এটুআই এর গাইডলাইন অনুসরন করতে হবে। | (ক) ইউপি সচিব (সকল)।<br>(খ) ইউডিসি উদ্যোক্তা (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | ইউডিসি থেকে জমির পর্চা গ্রহন | পাইকগাছা উপজেলার ১০টি ইউনিয়নের মধ্যে বর্তমানে অল্প কয়েকটি UDC'র মাধ্যমে জেলা রেকর্ড রুম হতে পর্চা সরবরাহ করা হচ্ছে যা সন্তোষজনক না হওয়ায় জনগণ দ্রুত সেবা পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে। সকল UDC'র মাধ্যমে পর্চা সরবরাহ করা গেলে একদিকে যেমন জনগণনকে দ্রুত ও হয়রানিমুক্ত সেবা দেয়া যাবে তেমনি UDC'র উদ্যোক্তাদের আয় বৃদ্ধি পাবে।<br>সকল ইউডিসি থেকে জমির পর্চা ও ই-নামজারির আবেদন করার ব্যবস্থা গ্রহন করতে হবে। | (ক) সহকারী কমিশনার (ভূমি), পাইকগাছা,খুলনা।<br>(খ) ইউডিসি উদ্যোক্তা (সকল)। |
| ০৪ | ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত | (ক) ইউডিসি উদ্যোক্তাগণ নিয়মিত আয় ও সেবার তথ্য একসেবা মনিটরিং টুলে নিয়মিত আপলোড করবেন।<br>(খ) ইউডিসিগুলোকে আইসিটি প্রশিক্ষণ কেন্দ্র হিসাবে গড়ে তুলতে হবে। | ইউডিসি উদ্যোক্তা (সকল)। |
| ০৫ | শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিলিটাল ল্যাব অধিকতর সক্রিয়করণ। | আইসিটি অধিদপ্তর কর্তৃক পাইকগাছা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। এই ল্যাবগুলির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। করোনা কালীন শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী রক্ষণাবেক্ষনের বিষয়ে আইসিটি অধিদপ্তর কর্তৃক নিম্নলিখিত নির্দেশনাসমূহ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুসরণ করার জন্য অনুরোধ করা হল :<br>১। প্রতি সপ্তাহে অন্তত একবার ল্যাপটপগুলো ৪০-৫০% চার্জ দিতে হবে।<br>২। সম্ভব হলে চার্জ দেয়ার পরে ল্যাপটপ গুলো ব্যবহার না করা হলে ব্যাটারিগুলো খুলে বায়ুরোধী প্লাস্টিকের থলিতে শুকনো জায়গায় সংরক্ষণ করতে হবে।<br>৩। ল্যাপটপ বা ডেস্কটপ এ কোনো গুরুত্বপূর্ণ ডকুমেন্টস বা ডাটা থাকলে তা ব্যাকআপ রাখতে হবে।<br>৪। ইন্টারনেট ব্যবহার করা সম্ভব হলে অবশ্যই তা ব্যবহার করা এবং উইন্ডোস, এন্টিভাইরাস, ম্যালওয়্যার ইত্যাদি গুরুত্বপূর্ণ সফটওয়্যারগুলো আপডেটেড রাখতে হবে।<br>৫। কম্পিউটার ল্যাব এবং এর যন্ত্রাংশসমূহ নিয়মিত পরিষ্কার পরিছন্ন রাখতে হবে।<br>৬। শিক্ষা প্রতিষ্ঠান সমূহের নিজস্ব উদ্যোগে কম্পিউটার ল্যাবগুলো ব্যবহার করে অনলাইনে পাঠদান কার্যক্রম পরিচালনার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭। ল্যাবের প্রতিটি কম্পিউটারে এজেন্ট সফটওয়্যার ইন্সটল নিশ্চিত করতে হবে। | (ক) অধ্যক্ষ, পাইকগাছা সরকারি কলেজ।<br>(খ) অধ্যক্ষ, ফসিয়ার রহমান মহিলা কলেজ।<br>(গ) প্রধান শিক্ষক, শহীদ কামরুল মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়<br>(ঘ) কপিলমুনি মেহেরুননেসা বালিকা মাধ্যমিকবিদ্যালয়<br>(ঙ) কপিলমুনি জাফর আউলিয়া ফাজিল মাদ্রাসা |
| ০৬ | মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত | পাইকগাছা উপজেলায় ৫২ টি প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে।<br>করোনার জন্য শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত তথ্য আপলোড হয় নাই।<br>কিন্তু প্রতিটি প্রতিষ্ঠানে অনলাইনে ক্লাশের কার্যক্রম চলমান রয়েছে। | (ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | ই-নথি বাস্তবায়ন সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ই-নথি কার্যক্রম চলমান আছে। এছাড়া উপজেলা পরিষদ, উপজেলা ভূমি অফিস, সমাজসেবা, সমবায়, মহিলা বিষয়ক, মাধ্যমিক শিক্ষা, প্রাথমিক শিক্ষা, উপজেলা অইসিটি অধিদপ্তরের অফিসকে ই-নথিতে লাইভে দেওয়া হয়েছে। তাদের অফিসের কার্যক্রম ই-নথি করার জন্য অনুরোধ করা হলো। | (ক) উপজেলা নির্বাহী অফিসার।<br>(খ) সহকারী প্রোগ্রামার।<br>(গ) সংশ্লিষ্ট অফিস প্রধান। |
| ০৮ | ইনফো সরকার ফেজ-৩ সংক্রান্ত | পাইকগাছা উপজেলাধীন দশটি ইউনিয়নের মধ্যে নয়টি ইউনিয়নে বাস্তবায়ন করা হবে। নয়টির মধ্যে ৭ টিতে অপটিক্যাল ফাইবার এবং রাউটার সংযোযন ও ইন্টারনেট চালু হয়েছে, ১ টিতে অপটিক্যাল ফাইবার কাটা পড়েছে। সেজন্য বর্তমানে সোলাদানা ইউনিয়নে ইন্টারনেট চালু হয়নি এবং ১ টিতে কাজ শুরু হয়নি। | ইনফো সরকার ফেজ-৩ এর বাস্তবায়ন কর্তৃপক্ষ |
| ০৯ | ইনফো সরকার ফেজ-২ সংক্রান্ত | ইনফো সরকার ফেজ-২ প্রকল্পের মাধ্যমে উপজেলার যে সকল অফিসে ইন্টারনেট ক্যানেকটিভিটি রয়েছে তাদেরকে ইন্টারনেট সংক্রান্ত সমস্যা হলে সামিট গ্রুপের প্রতিনিধি জনাব জয় বাগচী, মোবাইল নং০১৭০৯-৮৪২৯২১ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। | জনাব জয় বাগচী সামিট গ্রুপের প্রতিনিধি |
| ১০ | সরকারী ই-মেইল ব্যবহার সংক্রান্ত | ই-মেইল এর ব্যবহার নিশ্চিত করণের বিষয়ে সবসময় দৃষ্টি রাখার জন্য সকল অফিসারগণকে অনুরোধ জানানো হয়েছে এবং সকল বিভাগ/সংস্থার তথ্য আদান প্রদানে সরকারি ই-মেইলের মাধ্যমে যোগাযোগ বাস্তাবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | (ক)সকল বিভাগীয় অফিসার। |
| ১১ | সকল প্রকার টেন্ডার নোটিশ উপজেলা তথ্য বাতায়নে হালনাগাদের নিমিত্ত প্রেরণ সংক্রান্ত | সকল প্রকার টেন্ডার নোটিশ নিজ পোর্টালে আপলোড করতে হবে এবং উপজেলা তথ্য বাতায়নে প্রকাশের নিমিত্ত এক কপি প্রেরণসহ পিডিএফ<br>কপি unopaikgacha@mopa.gov.bd মেইলযোগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | (ক)সকল বিভাগীয় অফিসার।<br>(খ) সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর। |
| ১২ | বিবিধ (CAMSবাস্তবায়ন, ঘরে বসে শিক্ষা (সংসদ-বাংলাদেশ-টেলিভিশন এর মাধ্যমে), ঘরে বসে বিনোদন, সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত লাইভ করোনা ঝুঁকি টেস্ট ও কোভিড-১৯ ট্র্যাকার, অনলাইন প্রশিক্ষণ সহ অন্যান্য অনলাইন ভিত্তিক কার্যক্রম) | করোনা ভাইরাস এর প্রাদুর্ভাব মোকাবেলা সংক্রান্ত সরকারের নির্দেশনা অনুযায়ী অত্র উপজেলায় পৌরসভাসহ ১১০০০ জন উপকারভোগীর তথ্য CAMS এ আপলোড সম্পন্ন হয়েছে। এছাড়া zoom app এর মাধ্যমে উপজেলার বিভিন্ন মিটিং সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত হয়। আইসিটি বিভাগ কর্তৃক পরিচালিত corona.gov.bd এর মাধ্যমে করোনা ঝুকি টেস্ট সম্বন্ধে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে ঘরে বসে শিক্ষা (সংসদ-বাংলাদেশ-টেলিভিশন এর মাধ্যমে) প্রচারিত ক্লাশ শিক্ষার্থীরা দেখছে কিনা ও ২০ জনের ব্যাচ করে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনে শিক্ষা কার্যক্রম চালু করার বিষয়ে সিদ্ধান্ত হয়। এ বিষয়ে শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা অফিসার তদারকি করে প্রতিবেদন দাখিল করবেন। | (ক)সকল বিভাগীয় অফিসার।<br>(খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।<br>(গ) উপজেলা শিক্ষা অফিসার। |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

এ.বি.এম. খালিদ হোসেন সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭৬৪.০০০.৭৫.০০২.১৭.৭০৬৫

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭
০৮ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য ১০৪, খুলনা-০৬

২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা

৪) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা

৫) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, খুলনা

৬) উপজেলা পরিষদ চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), পাইকগাছা, খুলনা।

৭) উপজেলা কর্মকর্তা (সকল) পাইকগাছা, খুলনা।

৮) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার (শেখ রাসেল ডিজিটাল ল্যাব) প্রাপ্ত, পাইকগাছা, খুলনা।

৯) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), পাইকগাছা, খুলনা।

১০) ইউডিসি উদ্যোক্তা (সকল), পাইকগাছা, খুলনা।

এ.বি.এম. খালিদ হোসেন সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার